# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

নং- ৩৩.০৫.২৬৭২.২০১.২৬.০২৬.২২-১০২৫ তারিখঃ ২৮/০৩/২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার, ঢাকা এর রাজস্ব খাতভূক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | প্রোগ্রামার<br>বেতন গ্রেড-৬ | অনুর্ধ্ব ৩৫ বছর | ১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যুন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ সহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারি প্রোগ্রামার/সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বছরের চাকুরি অভিজ্ঞতা; এবং<br>(গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২. | বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বেতন গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩০ বছর | ১৮ (আঠারো) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশুপালন/পশুচিকিৎসা/কৃষি/কৃষি অর্থনীতি বিষয়ের ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীঃ<br>তবে, স্নাতকোত্তর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; অথবা<br>(খ) অর্থনীতি/মার্কেটিং/সমাজ বিজ্ঞান বিষয়ের ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br>(গ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হবে। |
| ৩. | উপ-সহকারি প্রকৌশলী<br>বেতন গ্রেড-১০ | অনুর্ধ্ব ৩০ বছর | ১ (এক) টি | (ক) কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ২য় শ্রেণীর ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;<br>(খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৪. | ফটোগ্রাফার<br>বেতন গ্রেড-১০ | অনুর্ধ্ব ৩০ বছর | ১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) ফটোগ্রাফীতে ডিপ্লোমা বা সমানের পেশাদারী যোগ্যতার সনদ থাকিতে হবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৫. | গাড়িচালক<br>বেতন গ্রেড- হালকা লাঃ ধাঃ- ১৬<br>ভারী লাঃ ধাঃ- ১৫ | অনুর্ধ্ব ৩০ বছর | ২ (দুই) টি | অষ্টম শ্রেণী পাশ এবং গাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৬. | ফটোকপি অপারেটর<br>বেতন গ্রেড-১৮ | অনুর্ধ্ব ৩০ বছর | ১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ফটোকপি ও ডুপ্লিকেটিং মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭. | ল্যাবঃ এটেনডেন্ট<br>বেতন গ্রেড-২০ | অনুর্ধ্ব ৩০ বছর | ২ (দুই) টি | অষ্টম শ্রেণী পাশ। |
| ৮. | অফিস সহায়ক<br>বেতন গ্রেড-২০ | অনুর্ধ্ব ৩০ বছর | ৩ তিন) টি | অষ্টম শ্রেণী পাশ। |
| | | মোট পদের সংখ্যা: | ২৯ (উনত্রিশ) টি | |

নিয়োগের শর্তাবলী:

১. অনলাইন-এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষার ফি জমাদান এর সময়সূচি:
ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪/০৪/২০২২ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।
খ) আবেদনপত্র পূরণ পূর্বক দাখিলের শেষ তারিখ ও সময়: ১৬/০৫/২০২২ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা।
গ) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://blri.teletalk.com.bd** এই লিংকে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের পূর্বে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।
বিঃদ্রঃ Applicant's Copy তে উল্লেখিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘন্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া হলো। কাজেই শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় থাকতে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করার পরামর্শ দেওয়া হলো।

২. বয়স সীমা: ৩০/০৩/২০২২ খ্রিঃ তারিখে:
ক) প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী ব্যতীত)।
খ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স সর্বোচ্চ ৩২ বছর।
গ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর।
ঘ) প্রার্থীর সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে।
ঙ) প্রার্থীদের বয়স কম বা বেশি হলে,আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩. মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারি বিধি মোতাবেক প্রতিপালিত হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে প্রদর্শন করতে হবে।

৪. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ (এসএসসি সনদ অনুযায়ী), ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেইভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখতে হবে।

৫. কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্যান্য কোন উপায়ে প্রেরণ করা হইলে তা গ্রহণযোগ্য হবে না।

৬. মৌখিক পরীক্ষার সময় অনলাইনে আবেদনের সময় প্রাপ্ত Applicant's Copy (রঙ্গিন), সকল শিক্ষাগত যোগ্যতার মূলকপি, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, চারিত্রিক সনদপত্র, অভিজ্ঞতার সনদ, স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর হতে নাগরিকত্ব সনদের মূলকপি ও আবেদনে উল্লেখিত অন্যান্য সনদপত্র উপস্থাপন করতে হবে এবং ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

৭. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীগণ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৮. ক্রমিক ১ থেকে ৫ এ উল্লেখিত পদের জন্য ১০০ (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ মোট ১১২ (একশত বার) টাকা এবং ক্রমিক ৬ থেকে ৮ এ উল্লেখিত পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা Applicant's Copy তে উল্লেখিত নিয়মে যথাসময়ে প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি Applicant's Copy তে উল্লেখিত মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে এবং SMS এর নির্দেশনা অনুসারে প্রার্থীগণ প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

১০. নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে ইচ্ছুক থাকতে হবে।

১১. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২. তথ্য গোপন করে আবেদন করলে, সেই প্রার্থীর প্রার্থীতা যে কোন সময় (পরীক্ষার পূর্বে/পরে) বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৮/৭/২২

(ড. এস এম জাহাঙ্গীর হোসেন)
মহাপরিচালক (চঃ দাঃ)